**কবিতা/গল্প প্রকাশ**

সংবাদপত্রের সাহিত্য পৃষ্ঠায় "কবিতা/গল্প" প্রকাশিত করতে যোগাযোগ নং- ৯০৬২৮৬৭৯২১

*******************

হাওড়া থেকে প্রকাশিত বাংলা দৈনিক

# এই যুগ

EI YUG

"ওঠো, জাগো, লক্ষ্যে না পৌঁছানো পর্যন্ত থামো না"

- স্বামী বিবেকানন্দ



ইন্টারনেট সংস্করণ : eiyug.in [PRICE। মূল্য-2 টাকা]

HOWRAH । হাওড়া DAILY।দৈনিক RNI:WBBEN/2020/81746 5 JULY 2025 , SATURDAY । ৫ জুলাই ২০২৫ , শনিবার VOLUME । বর্ষ-5 ISSUE । সংখ্যা-323 PAGE । পৃষ্ঠা-4

## কসবা আইন কলেজের গণধর্ষণ কাণ্ডে অভিযুক্তদের নিয়ে পুনর্নির্মাণ




এই যুগ , কলকাতা ,৪ জুলাই : কসবার আইন কলেজে 'গণধর্ষণ' কাণ্ডে অভিযুক্তদের নিয়ে পুনর্নির্মাণ করলো পুলিশ। শুক্রবার ভোর ৪ টা নাগাদ মনোজিৎ , জেব , প্রমিত , পিনাকীদের নিয়ে কসবা আইন কলেজে যায় পুলিশ। ৪ ঘণ্টা ২০ মিনিট ধরে অভিযুক্তদের নিয়ে অপরাধের পুনর্নির্মাণ হয়। ২৫ জুন সন্ধে ৭টা ৩০ থেকে থেকে রাত ১০টা পর্যন্ত কী কী ঘটনা ঘটেছিল? গার্ড রুম , ইউনিয়ন রুম থেকে ওয়াশরুম-অপরাধের ৩ জায়গায় পুনর্নির্মাণ। মনোজিৎ মিশ্র , প্রমিত মুখোপাধ্যায় ও জেব আহমেদকে আনার ১০ মিনিট পর অর্থাৎ ঘটনার দিন অর্থাৎ ২৫ তারিখে রাত ৮টা থেকে পরের দিন সকাল ৮টা পর্যন্ত ডিউটিতে থাকা সেই সিকিউরিটি গার্ড পিনাকী বন্দ্যোপাধ্যায়কেও নিয়ে যাওয়া হয়। এই চারজনকে নিয়ে ৪টে থেকে ৮টা ২১ মিনিট পর্যন্ত , অর্থাৎ চার ঘণ্টারও বেশি সময় ধরে ঘটনার পুনর্নির্মাণ করা হয় এদিন। এরপর তদন্তকারীরা অভিযুক্তদের নিয়ে বেরিয়ে যান। প্রসঙ্গত , কসবা গণধর্ষণকাণ্ডের তদন্তভার প্রথমে থানা দেখছিল। দিন দু'য়েক আগে এর তদন্তভার কলকাতা পুলিশের গোয়েন্দা বিভাগ নেয়। সেই জায়গায় দাঁড়িয়ে এই পুরনির্মাণ অত্যন্ত গুরুত্বপূর্ণ এজন্য যে , এই ধরনের গণধর্ষণের ঘটনার পরিপ্রেক্ষিতে পারিপার্শ্বিক তথ্যপ্রমাণ অত্যন্ত গুরুত্বপূর্ণ হয়। নির্যাতিতার বয়ান , সেই বয়ানে যে ধরনের ঘটনা প্রবাহ থাকে সেটাকে ঘটনার পুনর্নির্মাণের মাধ্যমে একবার খতিয়ে দেখেন তদন্তকারী অফিসাররা।

## কোচবিহারের চকচকায় গুলি কান্ডে গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,৪ জুলাই:বৃহস্পতিবার রাতে কোচবিহারের চকচকায় কোচবিহার দুই নম্বর পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ রাজু দে'র উপর গুলি চালায় অজ্ঞাতপরিচয় দুষ্কৃতিরা। গুলিতে রাজু দে আহত হন। স্থানীয়রা তাকে দ্রুত তুলে নিয়ে কোচবিহারের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করেন। আশঙ্কাজনক অবস্থায় সেখানেই চিকিৎসাধীন আছেন রাজু দে। গুলি চালনার খবর পেয়ে কোতোয়ালি থানার পুলিশ দ্রুত ঘটনার তদন্তে নামে। ঘটনাস্থলের কাছ থেকেই উদ্ধার হয় গুলি কান্ডে ব্যবহৃত গাড়িটি। গাড়িটির মালিক কোচবিহার উত্তর বিধানসভা কেন্দ্রের বিজেপি বিধায়ক সুকুমার রায় বলে জানা গেছে। তৃণমূলের কোচবিহার জেলা সভাপতি অভিজিত দে ভৌমিক গুলি চালনা কান্ডে বিধায়কের দিকে অভিযোগ এর আঙ্গুল তুলেছেন। অপরদিকে বিধায়ক সমস্ত অভিযোগ অস্বীকার করেন। শুক্রবার কোচবিহার জেলা পুলিশ সুপার দ্যুতিমান ভট্টাচার্য এক সাংবাদিক সম্মেলন করে জানান গুলি চালনার ঘটনায় চারজন অভিযুক্তের নাম এফ আই আরে রয়েছে। এই চার জনের মধ্যে দুজনকে পুলিশ গ্রেপ্তার করেছে। ধৃতদের নাম দীপঙ্কর রায় ও উত্তম গুপ্ত। পুলিশ সুপার আরও জানান বাকী দুজনের খোঁজে তল্লাশী চলছে এবং খুব শীঘ্রই তারাও গ্রেপ্তার হবে।

## হাতি মানুষ সংঘাত এড়ানোর লক্ষ্যে সচেতনতা সভা ও ফুট ব্রিজের উদ্বোধনে রাজ্যসভার সাংসদ



সুকুমার রঞ্জন সরকার , এই যুগ , আলিপুরদুয়ার , ৪ জুলাই : বন দপ্তরের বক্সা ব্যাঘ্র প্রকল্প পূর্ব বিভাগের ভল্কা রেঞ্জ ও কুমারগ্রাম রেঞ্জের ব্যবস্থাপনায় শুক্রবার দুপুরে কুমারগ্রাম গ্রাম পঞ্চায়েতের মধ্য হলদিবাড়ির বিত্তিবাড়ি গ্রামে যাতায়াতের জন্য একটি ফুট ব্রিজের উদ্বোধন করেন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বরাইক। ব্রিজটির উদ্বোধন করে তিনি জানান বিত্তিবাড়ি গ্রামটিতে সংকোশ নদীর শাখানদী পেরিয়ে যেতে হয়। এই গ্রামে যাতায়াতের জন্য কোন সেতু বা ব্রিজ ছিলোনা। নদী পেরিয়ে দু কিলোমিটার দূরে কুমারগ্রামে তাদের স্কুল , বাজার বা স্বাস্থ্য কেন্দ্র , বিডিও অফিস বা গ্রাম পঞ্চায়েত দপ্তরে যাতায়াত করা ছিলো অসুবিধাজনক। শুখা মরশুমে নদীতে জল কম থাকায় যাতায়াতে তেমন সমস্যা না হলেও বর্ষাকালে গ্রামবাসীদের সমস্যায় পড়তে হতো। রাত বিরেতে রোগিদের নিয়ে স্বাস্থ্য কেন্দ্রে যাওয়া ছিলো খুব সমস্যার। রোগিকে কাধে বা কোলে করে নদী পেরিয়ে নিয়ে যেতে হতো। বন দপ্তরের দক্ষিন হলদিবাড়ি যৌথ ফরেস্ট ম্যানেজমেন্ট কমিটি গ্রামবাসীদের এই সমস্যা সমাধানে এগিয়ে এসে যাতায়াতের জন্য একটি ফুট ব্রিজ তৈরি করে দেয়। বাসিন্দাদের দীর্ঘদিনের দাবি ছিলো এই সেতুটির। এই উদ্যোগ গ্রহনের জন্য সাংসদ ধন্যবাদ জ্ঞাপন করেন ফরেস্ট ম্যানেজমেন্ট কমিটিকে। সেতু পেরিয়ে বিত্তিবাড়ি গ্রামে প্রবেশ করেন সকলে। সেখানে আয়োজিত হয় হাতি মানুষ সংঘাত এড়ানোর লক্ষ্যে এক সচেতনতামূলক আলোচনা সভা। সভায় হাতি মানুষ সংঘাত এড়ানোর লক্ষ্যে বেশ কিছু পরামর্শ দেন বক্তারা। এদিন গ্রামের স্কুল পড়ুয়াদের নিয়ে আয়োজিত হয় বসে আঁকো সহ বিভিন্ন অনুষ্ঠান। উপস্থিত ছিলেন রাজ্যসভার সাংসদ প্রকাশ চিক বরাইক , বক্সা পূর্ব বিভাগের ডিএফ ডি সহ বিশিষ্ট রা।

## সাউথ ক্যালকাটা ল' কলেজের ছাত্রীকে গণধর্ষণে জড়িতদের ফাঁসীর দাবি জানিয়ে বিক্ষোভ আইনজীবীদের




নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,৪ জুলাই : সাউথ ক্যালকাটা ল' কলেজের ছাত্রীকে গণধর্ষণের ঘটনায় জড়িতদের ফাঁসীর দাবি জানিয়ে শুক্রবার শিলিগুড়ি আদালত চত্বরে বিক্ষোভ প্রদর্শন করেন শিলিগুড়ি আদালতের আইনজীবীগন। এদিন আইনজীবীরা মিছিল করেন ও সাউথ ক্যালকাটা ল' কলেজের ছাত্রীকে গণধর্ষণের ঘটনায় জড়িতদের ফাঁসীর দাবি জানান।

## জেলার কথা

# আলিপুরদুয়ার চৌপথীতে পথ অবরোধ



মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার, ৪ জুলাই : আশা কর্মীরা পথে নামলেন আলিপুরদুয়ার জেলা শহরে পথ অবরোধ করে। বিভিন্ন দাবি দাবার ভিত্তিতে আশা কর্মীরা পথ অবরোধ করলেন আলিপুরদুয়ার চৌপথী এলাকায়। শুক্রবার বেলা আড়াইটা নাগাদ তারা পথ অবরোধ করেন। বিভিন্ন ক্ষেত্রে তাদেরকে দিয়ে কাজ করানো হলেও সঠিক পারিশ্রমিক দেওয়া হচ্ছে না। সময় মত আশা কর্মীরা বেতন পাচ্ছেন না। এ আই ইউ টি ইউ সি পক্ষে আগামী ৯ই জুলাই সারা ভারত সাধারণ ধর্মঘটের ডাক দেওয়া হয়েছে এদিন আশা কর্মীরা ধর্মঘট সফল করার কথা বলেন অবরোধস্থলে। এদিন তাদের এই অবরোধের ফলে আলিপুরদুয়ার চৌপথি এলাকায় ব্যাপক যানজট তৈরি হয়ে যায়।

# পৌরসভার চার নম্বর ওয়ার্ডে শিবির



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ জুলাই :আলিপুরদুয়ার পৌরসভার অধীনে চার নম্বর ওয়ার্ডে যারা পাট্টা পেয়েছেন তাদের খতিয়ান এবং যাদের পাট্টা হয়নি তাদের আবেদন পত্র জমা নেওয়া হচ্ছে শিবিরের মাধ্যমে। এমনটাই জানিয়েছেন আলিপুরদুয়ার পৌরসভার চেয়ারম্যান প্রসেনজিৎ কর শুক্রবার বেলা তিনটা নাগাদ। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির নির্দেশে গোটা রাজ্যজুড়ে পাট্টা দেওয়ার কাজ চলছে। আলিপুরদুয়ার জেলা শহরে অনেকেই পাট্টা হাতে পেয়েছেন। জমির অধিকার সত্য হাতে পেয়ে খুশি পাট্টা প্রাপকরা। অনেকেই পাট্টা পেয়েছেন কিন্তু খতিয়ান হতে পারেনি যার ফলে তাদের জমির প্রতি সম্পূর্ণ অধিকার ছিল না।

## কাগজের নৌকা

৫ জুলাই ২০২৫, শনিবার

### সুখ-দুঃখ

আশীষ কুমার কুন্ডু
(ব্যারাকপুর, পশ্চিমবঙ্গ)

জীবনটা এক যেন মরু-তীর্থ,
গুল্ম সমতুল্য,
সুখের সিঁড়ি বড় পিছোল,
মধুর সুখ থাকে বহু যোজন দূরে,
হড়কে পড়ার বড় ভয়,
সব যেন শূন্যতায় মিলিয়ে যায়,
দৈন্য-তায় সবকিছু যেন পথ হারায়।
মনের ক্ষুধা বাড়ায় পাগলামি,
বেঁচে আছি শুধু, বুকের ভেতর কষ্ট নিয়ে,
বহাল তবিয়তে,
শুধুই হৃদয় জুড়ে,
কষ্টগুলো আগলে রেখে,
ফিরেই আছে শুধু পাল তুলে,
জরাজীর্ণ তীরে বইছে যেন বিষন্নতা,
তাড়া করছে ক্ষনিকের আসভাসন,
ক্ষণস্থায়ী জীবনে সুখ এসে কড়া নাড়ে,
আঁধার নামবে অমাবস্যার রাতে,
সমাজের চোখে হয়তো,
জীবিত হয়েই যাবে,
পুড়ে ছাই হয়ে ফিরবে তবুও,
জীবন্ত এক কামনার অপলক চিত্তে,
সব যেন রয়ে যাবে এই ভিটেতেই।।

# আলিপুরদুয়ার আদালতে কর্মবিরতি দুই ঘন্টা




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ জুলাই : সুপ্রিম কোর্টের রায় থাকা সত্তেও রাজ্য সরকার কর্মচারীদের ২৫ শতাংশ মহার্ঘ ভাতা প্রদান করছে না। সেই মহার্ঘ ভাতা প্রদানের দাবিতে এবং শূন্য পদে নিয়োগ দাবি সহ একাধিক দাবিতে দুই ঘণ্টা কর্মবিরতিতে সামিল হল আদালত কর্মচারীরা। এদিন আলিপুরদুয়ার আদালতে কর্মচারীরা দুই ঘণ্টা কর্মবিরতিতে সামিল হয়।

## ডাঙ্গী এলাকায় যুবকের আত্মহত্যা নিয়ে চাঞ্চল্য




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ জুলাই : ডাঙ্গী কলোনি এলাকার কুড়ি বছরের যুবকের ঝুলন্ত দেহ উদ্ধার করল শামুকতলা থানার পুলিশ শুক্রবার রাত আটটা নাগাদ। শামুকতলা থানার ডাঙ্গী কলোনী এলাকার বাসিন্দা সঞ্জয় মজুমদার এদিন গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করেন। পুলিশ গিয়ে তার মৃতদেহ উদ্ধার করে শামুকতলা থানায় নিয়ে এসেছে। শনিবার তার মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মর্গে পাঠানো হবে ময়নাতদন্তের জন্য। পুলিশ একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা শুরু করেছে।

## কামাখ্যাগুড়ি তে দিন দুপুরে সোনার চেন ছিনতাই



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ জুলাই : সোনার চেন ছিনতাই এর ঘটনা ঘটেছে এবার কামাখ্যাগুড়িতে। কুমারগ্রাম ব্লকের কামাখ্যাগুড়ি এলাকায় দিন দুপুরে সোনার চেনের অর্ধেক অংশ ছিড়ে নিয়ে গেল গলা থেকে এক মহিলার। ঘটনায় রীতিমতো চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায় পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। কামাখ্যাগুড়ি কলেজ হল্ট এলাকায় বাড়ি ওই মহিলার। বাড়ি থেকে কামাখ্যাগুড়ি দু'নম্বর গ্রাম পঞ্চায়েত দপ্তরে যাওয়ার সময় শুক্রবার বেলা ২ টা নাগাদ এমন ঘটনাটি ঘটে। এলাকার বাসিন্দারা আতঙ্কিত হয়ে পড়েছেন দিন দুপুরে সোনার চেন ছিনতাই এর ঘটনায়। মমতা সিংহ রায় বাড়ি থেকে বের হওয়ার পরেই এমন ঘটনা ঘটায় এলাকার বাসিন্দারা রীতিমতো ভয় প্রকাশ করেছেন। এদিন গ্রাম পঞ্চায়েত দফতরে যাওয়ার সময় দুই বাইক আরোহী তাকে এসে এক ব্যক্তির পরিচয় জানতে চায়। তিনি চিনেন না বলার পরেই তার গলায় থাকা সোনার চেনটি টান মারেন। কিন্তু অর্ধেক অংশ থেকে যায় তার গলাতেই বাকি অর্ধেক অংশ নিয়ে তারা পালিয়ে যায়। তিনি চিৎকার করতে থাকেন সোনার চেন ছিনতাই হওয়ার পরেই। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে।

# ২৯ লক্ষ টাকা খরচ করে তৈরি হবে কমিউনিটি হল




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ জুলাই : কুমারগ্রাম ব্লকের বারবিশায় সরকারি উদ্যোগে তৈরি হবে একটি কমিউনিটি হল। এর জন্য রাজ্য সরকারের অনগ্রসর শ্রেণি কল্যাণ বিভাগ ২৯ লাখ টাকা বরাদ্দ করেছে। ইতিমধ্যেই ওই কাজের জন্য টেন্ডার ডাকা হয়েছে। খুব শীঘ্রই কমিউনিটি হল তৈরির কাজ শুরু হবে। শুক্রবার বারবিশায় সাংবাদিক সম্মেলন করে এই খবর জানান এলাকার তৃণমূল নেতৃত্ব। কুমারগ্রাম পঞ্চায়েত সমিতির সহকারী সভাপতি জয়প্রকাশ বর্মন , তৃণমূলের ভল্কা-বারবিশা ১ নম্বর অঞ্চল সভাপতি জয়শঙ্কর দাস , অঞ্চল চেয়ারম্যান প্রদীপ দাস, তৃণমূল ছাত্র পরিষদের কুমারগ্রাম ব্লক সভাপতি বিকি দাস প্রমুখেরা এদিনের সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন। কুমারগ্রাম পঞ্চায়েত সমিতির সহকারী সভাপতি জয়প্রকাশ বর্মন বলেন , 'গত ২৩ জানুয়ারি , হাসিমারার সুভাষিণী চা-বাগানে সরকারি অনুষ্ঠান করেন রাজ্যের মুখ্যমন্ত্রী। সেসময় মুখ্যমন্ত্রীকে বারোবিশায় একটি কমিউনিটি হল তৈরি লিখিত আবেদন জানানো হয়েছিল। মুখ্যমন্ত্রী সেই আবেদনে সাড়া দেন। গত ২৫ ফেব্রুয়ারি এই বিষয়ে সরকারি স্তরে খোঁজখবর শুরু হয় এবং প্রয়োজনীয় জমি চাওয়া হয়। বারবিশার পূর্ব চকচকা মৌজার ৭৪ ডিসেমেল খাস জমি চিহ্নত করে রিপোর্ট পাঠানো হয়েছিল। এরপর এই কাজের অনুমোদন মেলে। খুব শীঘ্রই কমিউনিটি হল তৈরির কাজ শুরু হবে। আমরা রাজ্যের মুখ্যমন্ত্রীকে ধন্যবাদ জানাই।' তৃণমূলের ভল্কা-বারোবিশা ১ নম্বর অঞ্চল সভাপতি জয়শঙ্কর দাস বলেন , 'এই এলাকার মানুষের দাবি ছিল , একটি কমিউনিটি হল তৈরির। সেইমতো আমরা মুখ্যমন্ত্রীকে চিঠি দেই। মুখ্যমন্ত্রী আমাদের আবেদন মঞ্জুর করেছেন। এতে আমরা খুব খুশি।খুব শীঘ্রই কমিউনিটি হলের কাজ শুরু হবে।'

# নাবালিকা ধর্ষণ খুন ও পুড়িয়ে মারার ঘটনার ৩ সাক্ষীকে আদালত চত্বরে হুমকি ,ধৃত ৩




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৪ জুলাই : আলিপুরদুয়ার জেলা আদালতে সাক্ষী দিতে আশা দুজনকে প্রাণনাশের হুমকি এমনকি সাক্ষীদের পরিবারকে মেরে ফেলার হুমকি দেওয়ার অভিযোগে সরগরম আদালত চত্বর। সাক্ষীদের ভিডিও রেকর্ড করলেন দুষ্কৃতীরা। উল্লেখ্য আলীপুরদুয়ার জেলারজয়গাঁতে নাবালিকা ধর্ষণ ও খুনের ঘটনায় সাক্ষীদের হুমকি ও ভিডিও রেকর্ড আদালত চত্বরে। এই মামলায় গ্রেপ্তার আসামিদের পক্ষ থেকে এই হুমকি বলে অভিযোগ সাক্ষীদের। এমনকি আসামিদের আদালতে তোলার সময় তারাও হুমকি দেয় বলে অভিযোগ। ঘটনাস্থলে থাকা আইনজীবীরাও বিষয়টি নিয়ে প্রতিবাদ করেন। খবর পেয়ে আদালতে চত্বরে ছুটে আসে পুলিশ। তিন জনকে ধরে ফেলে পুলিশ। সূত্রের খবর আলিপুরদুয়ার পকসো আদালতে মামলা চলছে।সেই আদালতের সামনেই এই ঘটনা। উল্লেখ্য নাবালিকাকে ধর্ষণ কোন এবং পুড়িয়ে মারার অভিযোগে চারজনকে গ্রেফতার করা হয়েছিল আগে। নাবালিকাকে ধর্ষণ করে খুন এবং পুড়িয়ে মারার মামলায় সাক্ষীদের হুমকি দেওয়া হয়েছে। আলিপুরদর জেলা আদালত চত্বরে এমন ঘটনায় রীতিমতো শোরগোল পড়ে গেছে আদালত চত্বরে। প্রশ্ন উঠেছে আদালত চত্বর এই দুষ্কৃতীরা এমন হুমকি দিচ্ছে তাহলে সাক্ষীদের নিরাপত্তা কোথায় ? যদিও সরকারি আইনজীবী জানিয়েছেন প্রত্যেক সাক্ষীকেই তারা নিরাপত্তার কঠোর ব্যবস্থা করেন। উল্লেখ্য ২০২৪ সালের ১৪ অক্টোবর জয়গাঁতে সাত বছরের এক নাবালিকাকে চাউমিন খাওয়ানোর প্রলোভন দেখিয়ে বাড়ি থেকে তুলে নিয়ে গিয়ে ধর্ষণ ও খুন করা হয়। এর পর প্রমাণ লোপাটের জন্য মৃত নাবালিকার শরীরে আগুন ধরিয়ে দেয় দুষ্কৃতীরা। ২২ অক্টোবর নেপাল সীমান্ত থেকে এই ঘটনায় মুল অভিযুক্ত বাবলু মিয়াকে (৫০) গ্রেপ্তার করে পুলিশ। তাকে জিজ্ঞাসাবাদের পর ওই দিনই পুলিশের আরেকটি দল , জয়গাঁর ডালডাবাড়ি এলাকা থেকে আধপোড়া নাবালিকার দেহটি উদ্ধার করে। এছাড়া ওই দিন এই ঘটনায় যুক্ত আরো দুই জন মনীর হোসেন (৫৭) ও জয়রুল ইসলাম ( ৪১)কে গ্রেপ্তার করে পুলিশ। তার পরের দিন ২৩ অক্টোবর এই ঘটনায় যুক্ত আরো একজন মজিবুল ইসলাম (৪০) গ্রেপ্তার হয়। গ্রেপ্তার এই চারজনই ঘটনার নাবালিকা ধর্ষণ , খুন ও মৃতদেহে আগুন ধরিয়ে দেওয়ার ঘটনার সঙ্গে যুক্ত বলে চার্জশিটে উল্লেখ করেছে পুলিশ।

# শামুকতলায় গৃহবধূর নিখোঁজের সংখ্যা সবচেয়ে বেশি




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার , ৪ জুলাই : শামুকতলা থানা এলাকায় নিখোঁজের সংখ্যা বাড়ছে দিনের পর দিন এমনটাই জানা গেছে প্রশাসনিক সূত্রে শুক্রবার রাত এগারোটা নাগাদ। ২০২৫ সালের শুরু থেকে জুলাই মাসের চার তারিখ পর্যন্ত নিখোঁজের সংখ্যা প্রায় ৯০। এর মধ্যে ৪৩ জনকে উদ্ধার করতে পেড়েছে শামুকতলা থানার পুলিশ। তবে ৯০ জন নিখোঁজের মধ্যে অধিকাংশই আছেন গৃহবধূ। বিয়ের পর কিংবা বাচ্চা নিয়ে নিখোঁজ হয়েছেন অনেকেই। অধিকাংশ ক্ষেত্রে গৃহবধূদের ফিরিয়ে আনা সম্ভব হয়নি। তবে ৪৩ জনের মধ্যে অধিকাংশ নাবালক এবং নাবালিকাকেই উদ্ধার করা সম্ভব হয়েছে। তথ্য বলছে অনেকেই সন্তান ছেড়ে নিখোঁজ হয়ে গেছে। নিখোঁজের কারণ অনুসন্ধান করতে গিয়ে দেখা গেছে গৃহবধূর স্বামী বাইরে কাজ করেন আর গৃহবধূ বাড়িতে কাটান মোবাইল নিয়েই। এর ফলেই মোবাইলে অবৈধ সম্পর্ক গড়ে উঠছে পর পুরুষের সঙ্গে। অবৈধ সম্পর্কের জেরেই গৃহবধূরা নিখোঁজ হয়ে যাচ্ছেন বলছেন অনেকেই। তাছাড়া স্বামীকে পছন্দ নয় কিন্তু পরিবারের সদস্যরা জোর করে বিয়ে দেওয়ার পরেও নিখোঁজ হয়ে গেছেন গৃহবধূ এমন তথ্য পাওয়া গেছে। আর্থিক অনটনের জেরে অনেক গৃহবধু বাড়ি ছাড়া হয়েছেন। তবে পরিসংখ্যান বলছে শামুকতলা থানা এলাকায় গৃহবধূ নিখোঁজের সংখ্যাটাই বেশি। তাছাড়া স্বইচ্ছায় বাড়ি থেকে চলে যাওয়ার পর গৃহবধূর হদিস পাওয়া খুব কঠিন বিষয় হয়ে দাঁড়ায় পুলিশের।

# তৃণমূল নেত্রীর মারধরের ঘটনায় হাইকোর্টের দ্বারস্থ আক্রান্ত বাম নেতা



এই যুগ , কলকাতা ,৪ জুলাই : খড়গপুরে তৃণমূল নেত্রীর মারধরের ঘটনায় এবার হাইকোর্টের দ্বারস্থ আক্রান্ত বর্ষিয়ান বাম নেতা। প্রকাশ্য রাস্তায় প্রবীণ প্রাক্তন সিপিএম নেতাকে মারধর , মুখে কালি। মারধরের অভিযোগ তৃণমূল নেত্রী বেবি কোলে ও তাঁর দলবলের রাস্তায় ফেলে মার। এই ভাইরাল ভিডিও ঘিরে চাঞ্চল্য ছড়ায়। ভিডিওতে দেখা যায় , ৬৬ বছরের অনিল দাসকে মুখে কালি লাগিয়ে দেওয়ারও অভিযোগ। এই ঘটনায় অভিযুক্ত তৃণমূল নেত্রী বেবি কোলে ও তাঁর অনুগামীরা। অনিল দাস প্রাক্তন সিপিএম নেতা , বর্তমানে একটি বামপন্থী সংগঠনের সঙ্গে যুক্ত। স্কুটিতে যাওয়ার সময় খড়গপুরের খরিদা মোড়ের কাছে মারধরের অভিযোগ। প্রাণ বাঁচাতে পাশে একটি রঙের দোকানে আশ্রয় অনিল দাসের। দোকানে ঢুকে টেনে বাইরে বের করার চেষ্টা তৃণমূল নেত্রী বেবি কোলের। মারধরের পাশাপাশি টাকা মোবাইল ছিনতাইয়ের চেষ্টার অভিযোগ।বাম নেতা অনিল দাসকে উদ্ধার করেন স্থানীয় দোকানদাররা। খড়গপুরে একটি পরিবারকে অত্যাচারের অভিযোগ বেবি কোলের বিরুদ্ধে। ওই পরিবারের পাশে দাঁড়ানোতেই মারধর , অভিযোগ অনিল দাসের।




EI YUG । EDITOR - SUROJIT MALICK । OWNER - SUROJIT MALICK । PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , PIN-711403 ,STATE-WEST BENGAL । PRINTED BY SUROJIT MALICK AT " EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH , STATE-WEST BENGAL ,PIN-711403 । CONTACT NO- 9062867921 ,9836753661 EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM । RNI : WBBEN/2020/81746 ।